

03 JAN 2021

ইসলামী ব্যাংকের বক্তব্য

স্টাফ রিপোর্টার: ইসলামী ব্যাংকের আহ্বাবাদ শাখায় '২ হাজার কোটি টাকার রহস্যময় তহবিলের সন্ধান'-শীর্ষক প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ব্যাখ্যা দিয়েছে ব্যাংকটি। ব্যাংকটির গণসংযোগ কর্মকর্তা ও ভাইস প্রেসিডেন্ট নজরুল ইসলামের পাঠানো ব্যাখ্যায় বলা হয়, সম্প্রতি কয়েকটি গণমাধ্যমে প্রকাশিত 'ইসলামী ব্যাংকে ২ হাজার কোটি টাকার রহস্যময় তহবিলের সন্ধান'-শীর্ষক যে তথ্য পরিবেশিত হয়েছে তা সঠিক নয়। প্রতিবেদনে যে লেনদেনের তথ্য দেয়া হয়েছে প্রকৃতপক্ষে এ রকম কোনো লেনদেন আহ্বাবাদ শাখার অফশোর ব্যাংকিং ইউনিটের মাধ্যমে সংঘটিত হয়নি। ব্যাংকের অফশোর ব্যাংকিং ইউনিটের কার্যক্রম অত্যন্ত স্বচ্ছভাবে সম্পাদিত হয়। ২০১৩ সালে ব্যাংকের আহ্বাবাদ শাখার অফশোর ব্যাংকিং ইউনিটের সর্বসাকুল্যে লেনদেন ছিল ২০৯ কোটি টাকা। তাই আহ্বাবাদ শাখার অফশোর ব্যাংকিং এর মাধ্যমে বিদেশ থেকে ২ হাজার কোটি টাকা প্রেরণ ও দেশে বিতরণের ঘটনাটির কোনো সত্যতা নেই। নজরুল ইসলাম বলেন, নিয়ন্ত্রক কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী প্রতিটি লেনদেন মাসিক বিবরণীর মাধ্যমে বাংলাদেশ ব্যাংককে রিপোর্ট করা হয়। বাংলাদেশ ব্যাংক/বিএফআইইউসহ সকল রেগুলেটরি কর্তৃপক্ষ নিয়মিতভাবে আমাদের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ করে থাকেন। আজ অবধি এমন কোনো সন্দেহজনক লেনদেন এর প্রমাণ পাওয়া যায়নি এবং ঘটেনি। জাতীয় স্বার্থরক্ষায় বরাবরের মতোই গণমাধ্যমের নিকট দায়িত্বশীল ও আন্তরিক ভূমিকা প্রত্যাশা করছি।